গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
গাইবান্ধা
(দুর্যোগ ব্যবস্থাপনা শাখা)

স্মারক নং ৫১.০১.৩২০০.০২৪.৪১.০১০.২৩. ৫৬৮ তারিখঃ ২৪/০৯/২০২৩ খ্রি.

বিষয়ঃ ২০২৪-২০২৪ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় প্রকল্প বাস্তবায়নের জন্য জেলা প্রশাসকের অনুকূলে বরাদ্দকৃত (১ম পর্যায় উন্নয়ন সংস্কার) নগদ অর্থের উপ-বরাদ্দ প্রদান।

সূত্রঃ দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকার স্মারক নং- ৫১.০১.০০০০.০১২.১৪.০০৬.২৩.২৩১ তারিখ: ১৪/০৮/২০২৩ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় জেলা প্রশাসক মহোদয়ের অনুকূলে (১ম পর্যায়) বরাদ্দের প্রকল্প বাস্তবায়নের জন্য সূত্রোস্থ স্মারকে বরাদ্দকৃত প্রকল্পসমূহ আগামী জেলা কর্ণধার কমিটির সভার অনুমোদন সাপেক্ষে অনুমোদন দেয়া হলো। অনুমোদিত প্রকল্পসমূহের কাজ সর্বশেষ টিআর নির্দেশিকা ও বরাদ্দ পত্রের নির্দেশনা অনুযায়ী শুরু করে নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে উপজেলার পাশে উল্লিখিত পরিমাণ অর্থ নির্দেশক্রমে উপ-বরাদ্দ প্রদান করা হলোঃ-

| ক্রঃ নং | উপজেলার নাম | প্রকল্পের নাম | উপ-বরাদ্দকৃত টাকার পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | সুন্দরগঞ্জ | সুন্দরগঞ্জ উপজেলা জামে মসজিদ সংস্কার। | ৫০,০০০/- | |
| ২ | | সুন্দরগঞ্জ আনছার ক্যাম্প সংস্কার। | ৫০,০০০/- | |
| ৩ | পলাশবাড়ী | পলাশবাড়ী অফিসার্স টেনিস ক্লাবের মাঠ সংস্কার। | ৫০,০০০/- | |
| ৪ | গোবিন্দগঞ্জ | গোবিন্দগঞ্জ উপজেলা লেডিস ক্লাবের আসবাবপত্র ক্রয়। | ৭৫,০০০/- | |
| ৫ | ফুলছড়ি | ফুলছড়ি সরকারি অফিসার্স ক্লাব সংস্কার। | ৭৫,০০০/- | |
| ৬ | সাঘাটা | সাঘাটা উপজেলা পরিষদ চত্বরে সৃজিত বাগানের সংস্কার। | ৫০,০০০/- | |
| | | মোট | ৩,৫০,০০০/- | |

শর্তাবলীঃ

১। ২০২৩-২০২৪ অর্থ বছরে ১ম কিস্তি বরাদ্দের বিপরীতে প্রকল্প গ্রহণ, অনুমোদন ও বাস্তবায়ন আগামী ৩০/০৯/২০২৩ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে;

২। বরাদ্দের বিপরীতে প্রকল্প তালিকা টিআর কর্মসূচির নির্দেশিকা-২০২১ অনুসরণ করে সত্তর জেলা কর্ণধার কমিটির নিকট প্রেরণ করতে হবে;

৩। এ কর্মসূচির নগদ অর্থ ব্যয়ে প্রচলিত সকল বিধি-বিধান টিআর নির্দেশিকা-২০২১-এর বর্ণিত অনুশাসনাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে;

৪। এ কর্মসূচির প্রকল্প গ্রহণ/বাছাই টিআর কর্মসূচির নির্দেশিকার ৪নং অনুচ্ছেদ যথাযথভাবে অনুসরণ করতে হবে ;

৫। নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পন্ন না হলে প্রকল্প বাতিল করে দেয়া এবং দায়ী ব্যক্তিগণকে চিহ্নিত করে বরাদ্দকৃত নগদ অর্থ ফেরত নেয়াসহ দেশের প্রচলিত আইন/বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে;

৬। প্রকল্প সুষ্ঠুভাবে বাস্তবায়নে সরকারি কর্মকর্তাদের পাশাপাশি জনপ্রতিনিধিদের তদারকি/জবাবদিহিতার আওতায় এনে সর্বসাধারণের নিকট তা দৃশ্যমান করতে হবে;

৭। এই ব্যয় ২০২৩-২০২৪ অর্থ বছরের বাজেট কোড নং- ১৪৯০১০১-১২০০০১৯০৪-৩৭২১১০১ (ibas কোড ১৪৯০১০১-১২০০০ ১৯০৪০০০০০০-৩৭২১১০১) খাত হতে নির্বাহ করা হবে ;

৮। বাস্তবায়নাধীন প্রকল্প এলাকার (ইউনিয়ন/পৌরসভা) নির্বাচিত সদস্য/কাউন্সিলরকে প্রকল্পের সভাপতি করার ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করতে হবে।

৯। বরাদ্দ প্রাপ্তির ১৫ (পনের) দিনের মধ্যে P.I.C গঠনসহ আনুষাঙ্গিক কাজ সম্পূর্ণ করে প্রকল্প কাজ শুরু নিশ্চিত করাসহ অব্যয়িত নগদ অর্থ যথাসময়ে ফেরত প্রদান নিশ্চিত করতে হবে;

১০। উক্ত সময়ের মধ্যে কাজ সম্পন্ন করতে ব্যর্থ হলে ২য় কিস্তির বরাদ্দ বিবেচনা করা হবে না।

১১। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ন্যায় মসজিদ, মন্দির রক্ষণাবেক্ষণ উন্নয়ন প্রকল্পে ইমাম/পুরোহিতকে পিআইসি'র সভাপতি করতে হবে।

১২। প্রতিটি প্রকল্পের বর্ণনাসহ যথাযথ সাইজের সাইনবোর্ড দৃশ্যমান স্থানে বাধ্যতামূলক স্থাপন করতে হবে;

১৩। গৃহীত/ প্রস্তাবিত প্রকল্প সরেজমিনে পরিদর্শন করে বরাদ্দকৃত টাকা ছাড় করতে হবে;

১৪। পরিদর্শন, পরিবীক্ষণ ও মূল্যায়ণের মাধ্যমে কর্মসূচীর সফল বাস্তবায়ন নিশ্চিত করতে হবে;

চলমান-০২

১৫। প্রকল্প বাস্তবায়নের মাসিক অগ্রগতির প্রতিবেদন যথারীতি এ কার্যালয়ে এবং দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে প্রেরণ করে নির্ধারিত সময়ের মধ্যে চূড়ান্ত প্রতিবেদন দাখিল করতে হবে;

১৬। নিরীক্ষার জন্য মাস্টার রোল, ভাউচার ও অন্যান্য রেকর্ডসমূহ যথারীতি সংরক্ষণ করবেন ;

(জুয়েল মিয়া)
জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (ভাঃ)
গাইবান্ধা
মোবাইল নম্বরঃ ০১৭০০-৭১৬৭৩৪
ই-মেইল-drrogaibandha@gmail.com

উপজেলা নির্বাহী অফিসার
সুন্দরগঞ্জ/পলাশবাড়ী/গোবিন্দগঞ্জ/
ফুলছড়ি/সাঘাটা, গাইবান্ধা।

স্মারক নং ৫১.০১.৩২০০.০২৪.৪১.০১০.২৩. তারিখঃ /০৯/২০২৩ খ্রি.

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ-

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, নির্বাচনী এলাকা গাইবান্ধা- ।
২। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৩। উপপরিচালক (বাজেট/হিসাব), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৪। উপপরিচালক (কাবিখা-২), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুন্দরগঞ্জ/পলাশবাড়ী/গোবিন্দগঞ্জ/ফুলছড়ি/সাঘাটা, গাইবান্ধা।
৬। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, খাদ্য ভবন, ১৬-আঃ গণি রোড, ঢাকা ।
৭। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, গাইবান্ধা।
৮। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, সুন্দরগঞ্জ/পলাশবাড়ী/গোবিন্দগঞ্জ/ফুলছড়ি/সাঘাটা, গাইবান্ধা।
৯। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সুন্দরগঞ্জ/পলাশবাড়ী/গোবিন্দগঞ্জ/ফুলছড়ি/সাঘাটা, গাইবান্ধা। তাকে জরুরী ভিত্তিতে প্রকল্প ছক দাখিল পূর্বক টিআর নির্দেশিকা ২০২১, মূল বরাদ্দপত্র ও সর্বশেষ নির্দেশাবলী অনুসরণ করতঃ প্রকল্প বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো।
১০। সিএ টু ডিসি, গাইবান্ধা (জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য) ।

(জুয়েল মিয়া)
জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (ভাঃ)
গাইবান্ধা